# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১১. ইকামাত কিভাবে দেবে? এর শব্দগুলো কী?

আযানের শব্দাবলিই ইকামাতের শব্দ। তবে পার্থক্য হলো: আযানের শব্দগুলো যেখানে দুইবার, ইকামাতের ক্ষেত্রে সেখানে বলবে একবার করে। আনাস (রা) বলেছেন, সাহাবী বেলাল (রা)-কে এভাবেই ইকামত দিতে নির্দেশ দেওয়া হয়েছিল। তবে কাদ কা-মাতিস্ সলাহ দু'বার বলবে। (দেখুন বুখারী হাদীস নং ৬০৫, ৬০৬ ও ৬০৭)। অপরদিকে আযানের মতো এ শব্দগুলো দুইবার বলাও জায়েয (আবু দাউদ: ৫০১, ৫০২, নাসাঈ: ৬৩৩), যার প্রচলন রয়েছে বাংলাদেশসহ পার্শ্ববর্তী দেশগুলোতে। তবে উত্তম হলো, ইকামাতের বাক্যগুলো একবার করে বলা। কেননা, এটি বুখারীর হাদীস,
দ্বিতীয়ত: বিখ্যাত মুয়াযযিন বেলাল (রা)-কে রাসূলুল্লাহ (স) এভাবেই নির্দেশ দিয়েছিলেন, তৃতীয়ত: এটা অধিকতর বিশুদ্ধ বিধায় আল্লাহর ঘর মক্কা ও মদীনায় যথাক্রমে মসজিদুল হারাম ও মসজিদে নববীতে এভাবেই ইকামাত দেওয়া হয়। সে অনুযায়ী ইকামাত হলো এভাবে:

আল্লা-হু আকবার - আল্লা-হু আকবার - [২ বার]
আশহাদু আল্ লা ইলা-হা ইল্লাল্লাহ - [১ বার]
আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ - [১ বার]
হাইয়্যা আলাস্ সলা-হ - [১ বার]
হাইয়্যা আলাল ফালা-হ - [১ বার]
কাদ কা-মাতিস্ সলাহ - কাদ কা-মাতিস্ সলাহ - [২ বার]
আল্লা-হু আকবার - আল্লা-হু আকবার - [২ বার]
লা-ইলা-হা ইল্লাল্লা-হ - [১ বার]

Source — https://www.hadithbd.com/books/link/?id=12892

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন